

কলা স্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমিস্টার)

বাংলা বিভাগ

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ জি / এ ই সি

বিষয় : বাংলা - ২

সময় : ১ ঘণ্টা

পূর্ণমান : ১৫

নিম্নলিখিত প্রতিটি CO থেকে একটি প্রশ্নের উত্তর দাও।

CO1

- ১। (ক) সত্যজিৎ রায়ের 'অতিথি' গল্পটি কোন কারণে স্বতন্ত্র বলে তুমি মনে কর? বুঝিয়ে দাও। ৫
- অথবা
- (খ) সত্যজিৎ রায়ের 'অতিথি' গল্পে বড়োদের জটিল সন্দেহপ্রবণ মনের বিপরীতে উঠে এসেছে মন্টুর সহজ সাবলীল শিশুমন। বিষয়টি বুঝিয়ে লেখো। ৫
- (গ) 'সাতদিন পর আরেক বৃদ্ধ এসে হাজির হলেন মন্টুদের বাড়িতে' — 'বৃদ্ধ'-এর নাম কী? মন্টুদের বাড়িতে তার আসার কারণ কী? বৃদ্ধের কথা শুনে মন্টুর মায়ের কী প্রতিক্রিয়া হয়েছিল? ১+২+২

CO2

- ২। (ক) লীলা মজুমদারের 'চিড়িয়াখানা' গল্পটিতে বিশ্বর শিশু-মনের প্রকাশ কীভাবে ঘটেছে আলোচনা করো। ৫
- অথবা
- (খ) লীলা মজুমদারের 'চিড়িয়াখানা' গল্পটিতে জীবজন্তুর বর্ণনা কেন ও কীভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে বুঝিয়ে দাও। ৫
- অথবা
- (গ) 'আমাদের পুজোয় নতুন কাপড় হয়নি' — 'আমাদের' বলতে এখানে কাদের বোঝানো হয়েছে? নতুন কাপড় না হওয়ার কারণ কী? 'ঝানু চোর চানু' কে? ১+৩+১

CO3

- ৩। (ক) বানানের শুদ্ধ রূপটি লেখো। (যে কোনো পাঁচটি) ৫×১ = ৫
- পরিস্কার, মুমূর্ষু, বুদ্ধিজিবি, বৈশিষ্ট, সান্তনা, বর্ননা, ব্যবহারিক, কারন, কটুক্তি, দ্বন্দ।
- অথবা
- (খ) নিম্নলিখিত শব্দের মান্য বাংলা পরিভাষাটি লেখো। (যে কোনো পাঁচটি) ৫×১ = ৫
- Administration, Archive, Caste, Demography, Human Rights, Mysticism, Power of Attorney, Referendum, Saga, Tradition.